

গুজরাট ২০০২

(উৎসর্গ বণ দাস)

এর থেকে ভূমিকম্প ছিল সে-ও ভালো  
প্রকৃতির রোষ শেষে, যুদ্ধকালীন বেগে  
পুনর্নির্মাণ।  
প্রাণ রসদ নিয়ে ছুটে গেছে সমব্যথী হাত,  
ভোরের রম্মির মতো ভালোবাসা মুছিয়েছে ক্ষত

কিন্ত এ-ধৰ্বসের কোনো শেষ নেই আর,  
পরিত্রাণহীন এক অলাতচত্রের পাড়  
হঠাতে সম্মুখে!  
জানালায় জোড়হাত আপন শিশুকে দেখে  
গলবে পশুও;  
মনুষ্য নামধারী দুঃপেয়ে টলেনি।  
ওদের হৃদয়স্থানে লোহা,  
ওদের শোনিতে চিতাবাঘ  
প্রধান শিকড় পুড়ে হয়ে আসে খাক তরু  
ক্ষমতা আঁকড়ে থাকা রস্তা রাজনীতি--  
ভোটের নাগর খোঁজে পাড়ায় পাড়ায়

এও তবে অন্য-ভূমিক্ষয়, নাকি চৈতন্যে প্রলয় ?  
এভাবেই বারে বারে দ্যাখা দেয় বিপন্ন বিস্ময় !

শ্যামলকুমার ঝীস